



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
(জাতীয় পর্যটন সংস্থা)
www.tourismboard.gov.bd



স্মারক নং- ৩০.৩৩.০০০০.০০০.২২২.২৪.০০০১.২৬.৩২৬

তারিখ: ০১ অক্টোবর ২০২৬ খ্রি।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক বাংলাদেশের পর্যটন শিল্পের টেকসই উন্নয়ন, সেবার মানোন্নয়ন, উদ্ভাবন, ডিজিটাল রূপান্তর, স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ, নারী ও তরুণ উদ্যোক্তাদের উৎসাহিতকরণ এবং পরিবেশ ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রাখা ব্যক্তি, প্রতিষ্ঠান, উদ্যোক্তা ও পর্যটন উদ্যোগকে স্বীকৃতি প্রদানের জন্য বিশ্ব পর্যটন দিবস ২০২৬ উপলক্ষে “বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬” (Bangladesh Tourism Award 2026) প্রদানের উদ্যোগ নেওয়া হয়। এ উদ্যোগের আলোকে ক্যাটাগরি ভিত্তিক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান হতে মনোনয়ন পাওয়া যায়। প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই বাছাইয়ে সরকারি বেসরকারি অংশীজনের সমন্বয়ে ক্যাটাগরি ভিত্তিক জুরি বোর্ড গঠন করা হয়। গঠিত জুরি বোর্ড যাচাই বাছাই শেষে প্রতিটি ক্যাটাগরি এবং এর পাশে বর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠান/উদ্যোগ কে বর্ষসেরা “বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬” (Bangladesh Tourism Award 2026) এর জন্য চূড়ান্তভাবে নির্বাচন করেছে।

ক্রমিক নং	পুরস্কার ক্যাটাগরি	নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান/উদ্যোগ/চ্যানেল
১	বর্ষসেরা টেকসই পর্যটন উদ্যোগ	Shakawath's Six Control Points for Food Cost Optimization
২	বর্ষসেরা পাঁচ তারকা হোটেল	ইন্টারকন্টিনেন্টাল ঢাকা
৩	বর্ষসেরা চার তারকা হোটেল	হোটেল আগ্রাবাদ
৪	বর্ষসেরা তিন তারকা হোটেল	হানসা-এ প্রিমিয়াম রেসিডেন্স বাই ইউএইচপিএলসি
৫	বর্ষসেরা ইনবাউন্ড ট্যুর অপারেটর	দি বেঙ্গল ট্যুরস লিমিটেড
৬	বর্ষসেরা ডোমেস্টিক ট্যুর অপারেটর	শেয়ারট্রিপ লি.
৭	বর্ষসেরা বিনোদন পার্ক	ফ্যান্টাসি কিংডম কমপ্লেক্স
৮	বর্ষসেরা তরুণ পর্যটন উদ্যোক্তা	মেহেদী হাছান
৯	বর্ষসেরা হোমস্টে	চারুবালা হোমস্টে এন্ড ট্যুরস
১০	বর্ষসেরা ট্যুরিজম কন্টেন্ট ক্রিয়েটর	আবু মোহাম্মদ সালাহউদ্দিন (সুমন)
১১	বর্ষসেরা পর্যটন প্রযুক্তিবিষয়ক উদ্যোগ	বিডি টিকেটস
১২	বর্ষসেরা পর্যটন নারী উদ্যোক্তা	নুরানী শারমিন আফরোজ
১৩	বর্ষসেরা ট্যুরিস্ট ভেসেল	এম ভি মালজি
১৪	বর্ষসেরা ট্যুর গাইড	মো: সারোয়ার জাহান (মিঠু)
১৫	বর্ষসেরা মাইস উদ্যোগ	সেভর ইন্টারন্যাশনাল লিমিটেড
১৬	বর্ষসেরা পর্যটন সাংবাদিকতা	মো: নাদিম উল ইসলাম

০২। “বাংলাদেশ পর্যটন পুরস্কার ২০২৬” (Bangladesh Tourism Award 2026) এ চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান/উদ্যোগ কে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিবাদন।

০৩। নির্বাচিত সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিকে আগামী ০৩ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ২.৩০ মিনিটে বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্র, শের ই বাংলা নগর, ঢাকা-এ বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও বাংলাদেশ পর্যটন পুরস্কার প্রদান অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ব্যারিস্টার মুতাসিম বিল্লাহ ফারুকী
প্রধান নির্বাহী কর্মকর্তা (গ্রেড-২)
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
ফোন: (০২) ৪১০২ ৪২৩৪

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তার একান্ত সচিব, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড।
- ০২। অফিস কপি।